

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

ওবোদ যুদ্ধের গুরুত্ব أحد)

- ১. বদর যুদ্ধে কাফেরদের গ্লানিকর পরাজয়ের প্রতিশোধ নেওয়ার এবং উঠতি মুসলিম শক্তিকে অংকুরে বিনাশ করার স্বপ্ন ধূলিসাৎ হয়ে যায়।
- ২. মাত্র ৭০০ মুসলিম সেনার কাছে সুসজ্জিত ৩০০০ সৈন্যের বিশাল বাহিনীর ন্যাক্কারজনক পিছু হটায় কুরায়েশ বাহিনী আদপেই হিম্মত হারিয়ে ফেলে। ফলে দু'বছর পর সম্মিলিত আরব বাহিনীর সাথে খন্দকের যুদ্ধে আগমনের আগে এককভাবে কুরায়েশ বাহিনী আর কখনো মদীনায় হামলা করেনি।
- ৩. ইহূদী ও মুনাফিকদের সার্বিক অপতৎপরতা ও যুদ্ধ শুরুর প্রাক্কালে ৩০০ মুনাফিক বাহিনীর পৃষ্ঠপ্রদর্শনেও মুসলিম বাহিনী ফিরে না যাওয়ায় কাফের বাহিনী সবদিক দিয়ে নিরাশ হয়ে পড়ে।
- 8. তীরন্দাযদের ভুল থেকে মুসলিম বাহিনী শিক্ষা গ্রহণ করে এবং ভবিষ্যতে এরূপ কোন ভুল তারা আর করেনি।
- ৫. মুসলিম বাহিনীর শক্তি বিষয়ে বিরোধীদের মধ্যে সমীহ বোধ সৃষ্টি হয়। যা ভবিষ্যৎ বিজয়সমূহের সোপান হিসাবে বিরেচিত হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5486

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন